

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd



নম্বর ৫৬.০৪.০০০০.০০৮.১৮.০০৩.১৬.৯৩১

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৭

০১ জুলাই ২০২০

“সতর্কীকরণ বিজ্ঞপ্তি”

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের দৃষ্টি গোচরীভূত হয়েছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে নিয়োগের কথা বলে দুষ্চক্র বিভিন্নভাবে জনগণের নিকট হতে অসং উপায়ে আর্থিক সুবিধা আদায়ের অপচেষ্টা চালাচ্ছে। এটি প্রতারণা ও কপটতামূলক কার্যক্রম, যার সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কোন ধরনের সংশ্লিষ্টতা নেই। প্রকৃতপক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জন্য ৪৮৮ টি ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটরসহ অন্যান্য পদে নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। শীঘ্রই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে এবং বিজ্ঞপ্তিটি ব্যাপকভাবে প্রচার করা হবে। এক্ষেত্রে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বা অন্য কোন সংস্থার আওতাধীন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরের সুযোগ নেই।

০২। এছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীনে বাস্তবায়িত “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” শীর্ষক প্রকল্পের মাধ্যমে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের কথা বলে বিভিন্ন স্থান হতে অসাধু উপায়ে প্রতারকচক্রের টাকা আদায়ের বিষয়ে তথ্য পাওয়া যাচ্ছে। বর্তমানে এ সংক্রান্ত কার্যক্রম চলমান নেই। ভবিষ্যতে প্রকল্পের কার্যক্রম চালু হলে উক্ত প্রকল্পের মাধ্যমে স্বাভাবিক প্রক্রিয়ায় যাচাই-বাছাই প্রক্রিয়ায় প্রকল্পের কার্যক্রম পরিচালিত হবে।

০৩। এ অধিদপ্তরের নিয়োগ ও এ সংক্রান্ত সকল তথ্যাদি নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করা হয়ে থাকে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের Website address: www.doict.gov.bd। উপর্যুক্ত প্রতারণামূলক কর্মকান্ডসমূহ আইনত দন্ডনীয় অপরাধ। এ ধরনের প্রতারণামূলক কর্মকান্ডে বিভ্রান্ত না হওয়ার জন্য সকলকে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২-৭-২০২০

মোঃ আমিরুল ইসলাম

উপ-পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে আদেশটি প্রদর্শনের অনুরোধসহ)
- ৬) সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (আইসিটি অধিদপ্তরের ফেসবুক পেইজে প্রদর্শনের অনুরোধসহ)

- ৭) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) অফিস কপি